# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩১

তারিখঃ ২৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১০ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৯৯তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নোক্ত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. সভায় আইডিএলসি ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড নামে একটি বিকল্প বিনিয়োগ তহবিল এর নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডটির আকার ৪৫ (পঁয়তাল্লিশ) কোটি টাকা এবং মেয়াদ হবে ৭ (সাত) বছর। ফান্ডটির উদ্যোক্তা আইডিএলসি ফাইন্যান্স লিঃ, ফান্ড ম্যানেজার আইডিএলসি এ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ এবং ট্রাস্টি গ্রীন ডেল্টা ইনসুরেন্স কোম্পানী লিঃ। ফান্ডটি মূলত Fintech, Entertainment and Lifestyle, Enterprise Solutions, Travel and Logistics, Core Technologies, Education Tech, Food-Tech and Agri-Tech, Internet Devices ইত্যাদি খাতে বিনিয়োগ করবে।

২. মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ৯০) এর বিরুদ্ধে জনাব এস.কে. মো: তারেক আমান-এর অভিযোগের ভিত্তিতে কমিশনের পত্র নং- BSEC/SRI/ DSE-Complaints-39/2018/418 তারিখ May 24, 2018 অনুযায়ী ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর তদন্ত প্রতিবেদনে নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে:

(ক) জনাব এস.কে. মো: তারেক আমান-এর পক্ষ থেকে বর্ণিত স্টক ব্রোকার টাঃ ১,৩০,০০০/- গ্রহণ করে, কিন্তু উক্ত অর্থ তার লেজার একাউন্টে জমা না হওয়ার কারণে এমডি ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এ উল্লেখিত দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (2) ভঙ্গ করেছিলেন; এবং

(খ) মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড তাদের কোম্পানীর গ্রাহকদের সিকিউরিটিজ সংক্রান্ত রেকর্ড সঠিকভাবে পরিচালিত না করায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর আওতায় প্রদত্ত নিবন্ধন সনদের ৪নং শর্ত অনুযায়ী কমিশন কর্তৃক নিয়োজিত পরিদর্শন টিমকে চাহিদাকৃত দলিলাদি ও তথ্য সরবরাহ না করায় উক্ত শর্ত ভঙ্গ করেছিলেন।

এনফোর্সমেন্ট কাযক্রম গ্রহণকালে উক্ত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন করায় ইতোমধ্য লঙ্ঘনসমূহ দুরিভূত হয়েছে। তবে ভবিষ্যতে একইরূপ লঙ্ঘন থেকে বিরত থাকার ব্যাপারে কমিশন অদ্যকার সভায় মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড -কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. ইউনাইটেড এন্টারপ্রাইজেস অ্যান্ড কোম্পানী লিমিটেড (ডিএসই ট্রেক নং- ২০৭) কর্তৃক ৩০ জুন, ২০১৭- এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী উক্ত বৎসর শেষ হওয়ার চার মাসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনের নিকট দাখিল করতে ব্যর্থ হওয়ায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১৩(৪) লংঘন হয়।

এনফোর্সমেন্ট কাযক্রম গ্রহণকালে উক্ত সিকিউরিটিজ আইন পরিপালন করায় ইতোমধ্য লঙ্ঘনসমূহ দুরিভূত হয়েছে। তবে ভবিষ্যতে একইরূপ লঙ্ঘন হতে বিরত থাকার ব্যাপারে কমিশন অদ্যকার সভায় ইউনাইটেড এন্টারপ্রাইজেস অ্যান্ড কোম্পানী লিমিটেড -কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. ইসি সিকিউরিটিজ লিমিটেড কমিশনের পূর্বানুমতি ব্যতিরেকে সিইও/ম্যানেজিং ডিরেক্টর নিয়োগ/পুন:নিয়োগ দিয়ে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৭ (১), ৩৭ (২), ৩৭ (৩) ভঙ্গ করেছে। এনফোর্সমেন্ট কাযক্রম গ্রহণকালে উক্ত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন করায় ইতোমধ্য লঙ্ঘনসমূহ দুরিভূত হয়েছে। তবে ভবিষ্যতে একইরূপ লঙ্ঘন হতে বিরত থাকার ব্যাপারে কমিশন অদ্যকার সভায় ইসি সিকিউরিটিজ লিমিটেড -কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিদর্শন প্রতিবেদনে মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড (ডিএসই ট্রেক নং- ২২৩) কর্তৃক নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখ করা হয়েছে:

(ক) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড তাদের কোম্পানীর ডিলার হিসাবে প্রয়োজনীয় লেনদেন না হওয়ায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর আওতায় প্রদত্ত নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবরী-১১ লংঘন করেছে;

(খ) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড তাদের কোম্পানী এবং কর্মচারীদের আত্মীয়দের মার্জিন সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/31 dated March 23, 2010 লংঘন করেছে;
কোম্পানী এবং কর্মচারীদের আত্মীয়দের মার্জিন সুবিধা প্রদানের জন্য কোম্পানী এবং কোম্পানীর সিইও-কে ইতোপূর্বে প্রদত্ত জরিমানা আদেশের অবশিষ্ট সম্পূর্ণ অর্থ আগামী ১৪.১১.২০১৯ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং তাদের মার্জিন ঋণ আগামী ১৪.১১.২০১৯ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। অন্যথায় মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড এর Free Limit সুবিধা বাতিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

এছাড়া কোম্পানী ডিলার হিসাবে ১৪.১১.২০১৯ তারিখের মধ্যে লেনদেন শুরু না করলে ডিলার হিসেবে নিবন্ধন সনদ বাতিল করার পদক্ষেপ নেওয়ারও সিদ্ধান্ত গৃহীত হয়।

২৪/১০/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।